



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২১/৩৬

-বিশেষ

তারিখ: ০৩/০৯/২০২৩ খ্রি.

বিষয়: ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক “শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রম পালন প্রসঙ্গে।


সূত্র: স্বা: অধি:/সিডিসি/ফাইলেরিয়া/ক্ষুদে ডাক্তার/২০১৬/৯০০১, তারিখ: ৩০/০৮/২০২৩ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার অধীন ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রমের অধীনে গত ১৭ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক “শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রম অনুষ্ঠিত হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষুদে ডাক্তারদল গঠন এবং তাদের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা একটি অভিনব কার্যক্রম যাতে শিক্ষার্থীদের অনুপ্রানিত হবার, দলগতভাবে কাজ করার এমনকি সুশৃঙ্খল ভাবে জীবন গড়ার সুযোগ রয়েছে।

২। এমতাবস্থায়, আগামী ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক “শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রম পালনের জন্য তীর আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

- (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রধান শিক্ষকদের ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক “শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রম পালনের জন্য নির্দেশনা প্রদান করবেন;
- (খ) সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারের বিদ্যালয়সমূহে ক্ষুদে ডাক্তার কর্তৃক “শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;
- (গ) জেলা/উপজেলার সকল কর্মকর্তাকে দৈব চয়নের ভিত্তিতে বিদ্যালয়সমূহে উক্ত কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে;
- (ঘ) শিক্ষকগণ যেন স্বতঃস্ফূর্তভাবে উভয় কার্যক্রমে অংশগ্রহণ করেন সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়ের সকল সহকারী শিক্ষকগণকে এ কর্মসূচীতে সম্পৃক্ত করতে হবে;
- (ঙ) স্বাস্থ্য পরীক্ষায় গঠিত ক্ষুদে ডাক্তারদল তাদের জন্য নির্ধারিত শ্রেণির সকল শিক্ষার্থীর ওজন, উচ্চতা ও দৃষ্টি শক্তি পরিমাপসহ আনুষঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ করে তা স্বাস্থ্য পরীক্ষার ফরমে লিপিবদ্ধ করবে;
- (চ) স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে এই ক্ষুদে ডাক্তার দল কোনো শিক্ষার্থীর অস্বাভাবিক শারীরিক বৃদ্ধিসহ দৃষ্টি শক্তিতে ত্রুটি কিংবা স্বাস্থ্য পরীক্ষার ফরমে উল্লেখিত অন্যান্য বিষয়াদির তথ্যগত গাইড শিক্ষকের নজরে আনবে;
- (ছ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত হকে ক্ষুদে ডাক্তার কর্তৃক “শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা” কার্যক্রম তথ্য স্থানীয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সরবরাহ করতে হবে এবং এ বিষয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সঙ্গে সমন্বয় সাধন করতে হবে।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্র।


০৩.০৯.২০২৩

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
ফোন নং- ০২-৪১০৫০২৮৫

জেলা শিক্ষা অফিসার

জেলা (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখারী, ঢাকা।
০২. পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখারী, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-উমাশিঅ/আশু/২০২৩/ ২৬৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :-

- ১। প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ, উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা/কলেজ।
- ২। সংরক্ষণ নথি।

তারিখ: ০৫/০৯/২০২৩ খ্রি.


০৫.০৯.২০২৩

মোঃ শওকত আকবর খান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার